



শেখ হাসিনা
জন্ম উদয়োগ
বঙ্গ পত্রিকা



মুজিব
শতবর্ষী
MUJIB
100

“মুজিববর্ষেই নিশ্চিত হবে শতভাগ বিদ্যুতায়ন”

মুজিববর্ষের শুভেচ্ছা

সুপ্রিয় গ্রাহক,

আসসালামু আলাইকুম। আশা করি ভাল আছেন। আপনি জানেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের “সোনার বাংলা” বিনির্মাণের লক্ষ্যে গ্রামীণ জীবনমান উন্নয়নে পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম শুরু হয়। বর্তমান সরকার দায়িত্ব পাওয়ার পূর্বে দেশের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ছিল মাত্র ৫০০০ মেগাওয়াট। মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বের ফলে বর্তমানে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ২৩,০০০ মেগাওয়াট এ উন্নীত হয়েছে। তখন আরইবি'র গ্রাহক সংখ্যা ছিল মাত্র ৭৪ লক্ষ অর্থাৎ ২৬% জনগণ বিদ্যুৎ সুবিধা ভোগ করতো। এ সরকারের বিগত ১১ বছরের নিরলস প্রচেষ্টায় গ্রাহক সংখ্যা ৭৪ লক্ষ থেকে ২ কোটি ১১ লক্ষ বৃদ্ধি পেয়ে বর্তমানে ২ কোটি ৮৫ লক্ষ হয়েছে। এর ফলে দেশের ৯৬% জনগণ বিদ্যুৎ সুবিধার আওতায় এসেছে। চরাঞ্জেলসহ অবশিষ্ট ৪% জনগণকে মুজিববর্ষেই বিদ্যুৎ সুবিধার আওতায় আনা হবে ইনশাহআল্লাহ।

তাই সর্বাঙ্গে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাস্তুলী স্বাধীনতার স্থপতি আমাদের মহান নেতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী-মুজিববর্ষে পল্লী বিদ্যুতায়নের পক্ষ থেকে জানাই আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা। আপনি জেনে আনন্দিত হবেন যে, এ মহান নেতার জন্মশতবার্ষিকী দেশব্যাপী বর্ণাত্যভাবে উদ্ঘাপনের লক্ষ্যে জাতীয় পর্যায়ে ব্যাপক কর্মসূচী গ্রহণ করা হয়েছে। মুজিববর্ষকে সফলভাবে উদ্ঘাপনের লক্ষ্যে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এবং পল্লী বিদ্যুৎ সমিতিসমূহও বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছে। মুজিববর্ষে যে সব কর্মসূচি বাস্তবায়ন করা হবে তা হলোঁ:

- (১) “মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবা বর্ষ” হিসেবে পালনের মাধ্যমে উন্নত সেবা প্রদান করা;
- (২) “আলোর ফেরিওয়ালা” কার্যক্রমের মাধ্যমে মুজিববর্ষেই শতভাগ বিদ্যুতায়ন নিশ্চিত করা;
- (৩) “পল্লী বিদ্যুতের উঠান বৈঠক” এর মাধ্যমে মুজিববর্ষে নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ করা;
- (৪) “দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেস” নীতিতে উন্নত গ্রাহক সেবা প্রদান;
- (৫) মুজিববর্ষেই “আমার গ্রাম-আমার শহর” বাস্তবায়নে ৫০ কিঃওয়াট পর্যন্ত লোডের ক্ষেত্রে ট্রান্সফরমার বিনামূল্যে প্রদান;
- (৬) মুজিববর্ষেই “পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর” বাস্তবায়ন করা;
- (৭) মুজিববর্ষেই “ডিজিটাল বাংলাদেশ” বির্নিমাণ করা;

মুজিববর্ষ সফলভাবে উদ্ঘাপন করার লক্ষ্যে নিম্নোক্ত সহযোগিতা কামনা করছিঃ

- (১) গ্রাহক সেবায় “আলোর ফেরিওয়ালা” ও “পল্লী বিদ্যুতের উঠান বৈঠক” বাস্তবায়নে সহায়তা করুন;
- (২) বিদ্যুতের অপচয় রোধ করুন এবং বিদ্যুতের নিরাপদ ব্যবহার করুন;
- (৩) নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করুন এবং অবৈধ বিদ্যুৎ ব্যবহার হতে বিরত থাকুন;
- (৪) দুর্নীতি, মাদকাশক্তি ও অবৈধ লেনদেন পরিহার করুন এবং দালালচক্র প্রতিরোধ করুন;
- (৫) বৈদ্যুতিক লাইনের পার্শ্বের গাছপালা কর্তনে সহায়তা করুন;

করোনা সচেতনতাঃ

- (১) করোনা ভাইরাসে আতঙ্কিত না হয়ে সচেতন হোন;
- (২) করোনা প্রতিরোধে জনসমাগম এড়িয়ে চলুন;
- (৩) করোনা প্রতিরোধে কর্মর্দন এবং কোলাকুলি পরিহার করুন।



বাংলাদেশ পল্লী বিদ্যুত্যাপন পোর্ট

“মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবা বর্ষ”

ধন্যবাদাত্তে
স্বাক্ষরিত

মেজর জেনারেল মস্টেন উদ্দিন (অবঃ)

চেয়ারম্যান



ISO 9001, ISO 14001
& ISO 45001 Certified Organization